



## বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

১৩৭-১৩৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বাংলাদেশ

Bangladesh Small & Cottage Industries Corporation ( BSCIC )

ওয়েবসাইট : www.bscic.gov.bd ইমেইল: [info@bscic.gov.bd](mailto:info@bscic.gov.bd)



প্রেস রিলিজ

করোনাকালীন সময়ে সিএমএসএমই খাতে অবদান রাখায় গ্লোবাল বিজনেস অ্যান্ড সিএসআর অ্যাওয়ার্ড পেলেন বিসিক চেয়ারম্যান

ঢাকা: ১৭ ফেব্রুয়ারি ২০২১

করোনাকালীন সময়ে কুটির, অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি (সিএমএসএমই) শিল্পখাতে অবদান রাখায় অবদান রাখায় গ্লোবাল বিজনেস অ্যান্ড সিএসআর অ্যাওয়ার্ড পেয়েছেন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) চেয়ারম্যান মোঃ মোশতাক হাসান, এনডিসি।

সম্প্রতি রাজধানীর হোটেল রেডিসন ব্লু, ঢাকা ওয়াটার গার্ডেনে 'গ্লোবাল বিজনেস অ্যান্ড সিএসআর অ্যাওয়ার্ড-২০২১' প্রদান অনুষ্ঠানে বিসিক চেয়ারম্যানের হাতে উক্ত অ্যাওয়ার্ড তুলে দেওয়া হয়।

করোনা ভাইরাস প্রাদুর্ভাবজনিত পরিস্থিতিতে অত্যন্ত দক্ষতার সাথে দায়িত্ব পালন করেছেন বিভিন্ন ব্যক্তি এবং প্রতিষ্ঠান। সেইসকল ব্যক্তি এবং প্রতিষ্ঠানকে অ্যাওয়ার্ড প্রদান করে বাংলাদেশ আমেরিকান চেম্বার অব কমার্স (বিএসিসি) ও ইয়ুথ কমার্স কমিউনিকেশন ইন্টারন্যাশনাল (ওয়াইসিসিআই)।

অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মো. তাজুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ডা. মো. এনামুর রহমান, তথ্য মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মুরাদ হাসান, বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানির চেয়ারম্যান ডা. শাহজাহান মাহমুদ। আরো উপস্থিত ছিলেন ইয়ুথ কমার্স কমিউনিকেশন ইন্টারন্যাশনালের প্রেসিডেন্ট কামাল উদ্দিন ও বাংলাদেশ আমেরিকান চেম্বার অব কমার্সের বাংলাদেশ চ্যাপ্টারের ভাইস চেয়ারম্যান রাজু আলীম প্রমুখ।

করোনার প্রভাবে যেখানে দেশের বেশিরভাগ শিল্প কারখানাই বন্ধ ছিল সেখানে বিসিকের সার্বিক সহায়তায় বিসিক শিল্পনগরীতে অবস্থিত শিল্প ইউনিটসমূহে নিয়মিতভাবে করোনা প্রতিরোধকমূলক পণ্য ( মেডিকেল অক্সিজেন, পিপিই, মাস্ক, স্যানিটাইজার, জীবাণুনাশক), চাল, ডাল, তেল, আটা, ময়দা, সুজিসহ নিত্য প্রয়োজনীয় খাদ্যদ্রব্য, এবং জীবন রক্ষাকারী ঔষধ, কৃষি যন্ত্রাংশ, কিটনাশক ও স্যার উৎপাদন ও সরবরাহ অব্যাহত রাখে।

দেশে করোনা ভাইরাসের প্রাদুর্ভাব শুরু হওয়ার সাথে সাথেই মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত ৩১ দফা নির্দেশনার আলোকে স্বাস্থ্য-বিধি অনুসরণপূর্বক বিসিকের ৭৬ টি শিল্পনগরীতে অবস্থিত শিল্প ইউনিটসমূহে পণ্য উৎপাদন, মাঠে লবণ চাষ ও লবণ মিলগুলোতে আয়োডিনযুক্ত লবণ উৎপাদন এবং ট্যানারিসমূহে চামড়া প্রক্রিয়াজাত অব্যাহত রাখতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করে বিসিক।

বিসিক কর্তৃপক্ষের নির্দেশনার পরিপ্রেক্ষিতে সরকার ঘোষিত সাধারণ ছুটিকালীন অবস্থায়ও উৎপাদন ও সরবরাহ অব্যাহত রাখতে করোনা মোকাবেলার যুদ্ধে ঝাপিয়ে পড়েন বিসিক কর্মকর্তা/কর্মচারীবৃন্দ।

বিসিক শিল্পনগরীর শিল্পমালিকদের সমস্যা বিবেচনায় নিয়ে ০৩ মাসের জন্য স্থগিত করা হয় সকল ধরনের সার্ভিস চার্জ ও বিসিকের নিজস্ব তহবিল খণের কিস্তি আদায়। প্রণয়ন করা হয় বিসিক শিল্পনগরী ও লবণ মিলের জন্য অনুসরণীয় স্বাস্থ্য ও নিরাপত্তা প্রোটোকল। বিসিকের প্রতিটি কার্যালয়ে স্থাপিত হয় হেল্পডেস্ক।

শিল্পখাতের অংশীজনদের সাথে নিয়মিত যোগাযোগ স্থাপন, শিল্পখাতভিত্তিক ক্ষয়ক্ষতি নিরূপণ, প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ প্রাপ্তি সহজিকরণ বিষয়ে সুপারিশ, ঋণ প্রাপ্তিতে ব্যাংক ও উদ্যোক্তাদের মধ্যে সংযোগ স্থাপন, মাইক্রো ও কুটির শিল্পের উদ্যোক্তাদের ঋণ প্রদানের জন্য সিড মানির প্রস্তাব, জেলা পর্যায়ে জেলা শিল্প ঋণ বিতরণ ও মনিটরিং কমিটি গঠন, নিয়মিতভাবে অনলাইন সভা এবং রোস্টার ডিউটির মাধ্যমে শিল্প উদ্যোক্তাদের বিভিন্ন সহায়তামূলক কার্যক্রম পরিচালনা করেছে বিসিক।

নিজ দপ্তরের পাশাপাশি স্থানীয় প্রশাসনকেও সহায়তা করে যাচ্ছে সমান তালে। জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে বিভিন্ন কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করছে বিসিক।

বস্তুতপক্ষে দেশের এবং মানুষের প্রয়োজনেই শিল্প, আর এই শিল্পের প্রয়োজনেই বিসিক। করোনা পরিস্থিতি মোকাবেলায় বিসিক অগ্রযাত্রা অব্যাহত থাকবে।

মোঃ আব্দুল বারিক  
জনসংযোগ কর্মকর্তা  
বিসিক, ঢাকা।  
মোবাইল: ০১৭২৩৮৬১৩৬৭